

ফাতওয়া নাম্বার: ৪৮

তারিখ: ০২-০৭-২০২০ ইংরেজি

## বুক শপের নামে নিজের জন্য পাইকারি দামে বই কেনা

### প্রশ্নঃ

আমি নিয়মিত বই পড়ি, পাশাপাশি আমার একটি অনলাইন বুক শপও আছে। সাধারণত প্রকাশনীগুলো বুক শপগুলোকে পাইকারি দামে বই দিয়ে থাকে। এখন দেখা যায়, বই কিনতে গেলে কিছু বই আমার নিজের জন্য পছন্দ হয়ে যায়। নিজের জন্য পছন্দ হওয়া বইটি শপের নাম দিয়ে পাইকারি দামে কেনা কি আমার জন্য উচিত হবে? যদিও আমি চাইলে সেই বইটি বিক্রির জন্য অনলাইনেও পোস্ট করতে পারবো। কিন্তু মূলত নিজের সংগ্রহের ব্যাপারটাই মেইন থাকে।

ইসলাম ইবনে কালাম

### উত্তরঃ

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

শপের নামে পাইকারি দামে বই কিনে আপনার ব্যক্তিগত সংগ্রহে রেখে দিতে কোনো অসুবিধা নেই ইনশাআল্লাহ। বুক শপের মালিক যেহেতু আপনি নিজেই, সুতরাং বুকশপের যে কোনো বই-ই তো আপনি রেখে দিতে পারেন। তাছাড়া এভাবে দোকানের জন্য কিংবা অনলাইন বুক শপের জন্য যারা পাইকারি দামে বই কিনে, তারা ব্যক্তিগত সংগ্রহের জন্য কিনলেও প্রকাশকরা পাইকারি দামেই দেবে। সুতরাং আপনার সংশয় না



اللجنة الشرعية للدعوة والنصرة  
উচ্চতর ইসলামী আইন গবেষণা বিভাগ

আল-লাজনা তুশ শারইয়্যা হ লিদ-দাওয়াতি ওয়ান-নুসরাহ

اللجنة الشرعية للدعوة والنصرة

উচ্চতর ইসলামী আইন গবেষণা বিভাগ

কাটলে তাদের সঙ্গে কথাও বলে নিতে পারেন। একারণে আশা করি  
কোনো প্রকাশক আপনার থেকে দাম বেশি রাখবে না ইনশাআল্লাহ।

فقط، والله سبحانه وتعالى أعلم

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (গুফিরা লাছ)

১০ ই যুলকা'দাহ, ১৪৪১ হি.

২ রা জুলাই, ২০২০ ইং



اللجنة الشرعية للدعوة والنصرة

উচ্চতর ইসলামী আইন গবেষণা বিভাগ